


‘ফ্রন্টলাইনাররা চাইলে নিতে পারে করোনা ভ্যাকসিনের ৪র্থ ডোজ’

- A Monitor Desk Report

Date: 17 January, 2024



ঢাকা: সাংবাদিক, জনপ্রতিনিধিসহ যাদের প্রতিনিয়ত জনসমাগমে যেতে হয় তারা চাইলেই করোনা (কোভিড-১৯) ভ্যাকসিনের চতুর্থ ডোজ নিতে পারেন বলে জানিয়েছেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক (ডিজি) অধ্যাপক ডা. এবিএম খুরশীদ আলম।

মঙ্গলবার (১৬ জানুয়ারি) দুপুরে সচিবালয়ে এ কথা বলেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক। এদিন সচিবালয়ে স্বাস্থ্যখাতে কর্মরত সাংবাদিকদের সংগঠন বাংলাদেশ হেলথ রিপোর্টার্স ফোরামের সঙ্গে স্বাস্থ্যমন্ত্রী অধ্যাপক ডা. সামন্ত লাল সেনের মতবিনিময় সভায় এ কথা বলেন স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক।

অধ্যাপক ডা. আবুল বাশার মোহাম্মদ খুরশীদ আলম সাংবাদিকদের জানান, স্বাস্থ্য অধিদফতরের হাতে এখনো করোনাভাইরাসের কিছু ভ্যাকসিন আছে। ফাইজারের এই ভ্যাকসিন করোনার নতুন ভ্যারিয়েন্টের বিরুদ্ধেও কার্যকর।

তিনি বলেন, ‘ফ্রন্টলাইনার হিসেবে সাংবাদিক, জনপ্রতিনিধি, অর্থাৎ যাদের প্রতিনিয়ত জনসমাগমে যেতে হয়□ আমি মনে করি তারা চাইলেই করোনাভাইরাসের ভ্যাকসিনের চতুর্থ ডোজ নিতে পারেন। এই ভ্যাকসিনের মেয়াদ আগামী বছর পর্যন্ত আছে।’

মতবিনিময় সভায় সাংবাদিকদের ডা. সামন্ত লাল সেন বলেন, কোভিড এখনো চলে যায়নি। বিশ্বের বিভিন্ন দেশে এখনো রোগী পাওয়া যাচ্ছে। বাংলাদেশেও কিছু রোগী হাসপাতালে ভর্তি আছে।

এ সময় করোনা সংক্রমণ বেড়ে যাওয়ায় ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে জনসমাগম এড়িয়ে চলার পাশাপাশি সবাইকে মাস্ক ব্যবহারের অনুরোধ জানান স্বাস্থ্যমন্ত্রী। সভায় ভারতসহ কয়েকটি দেশে করোনার নতুন ধরন শনাক্ত ও সংক্রমণ বাড়ার বিষয়ে উদ্বেগ প্রকাশ করেন তিনি।

মতবিনিময় অনুষ্ঠানের শুরুতেই ফোরামের পক্ষ থেকে স্বাস্থ্যমন্ত্রীকে স্বাগত জানিয়ে বক্তব্য দেন ফোরাম সভাপতি রাশেদ রাফি ও সাধারণ সম্পাদক মইনুল হাসান সোহেল।

এর আগে, হেলথ রিপোর্টার্স ফোরামের প্রেসিডেন্ট-সেক্রেটারিসহ ফোরামের সদস্যরা স্বাস্থ্যমন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করে ফুল দিয়ে শুভেচ্ছা জানান। এ সময় ফোরামের পক্ষ থেকে স্বাস্থ্যখাতের নানান অনিয়মসহ অগ্রাধিকারের বিষয় তুলে ধরা হয়।

-B